গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ও গণযোগাযোগ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

----

**নম্বর: ১৫.০০.০০০০.০২৬.০১.০১০.১৭.১৪**

তারিখ: ২৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বিষয়: **বিদেশস্থ বাংলাদেশ মিশনের বিভিন্ন প্রেস উইং-এ কাউন্সেলর (প্রেস), প্রথম সচিব (প্রেস) ও দ্বিতীয় সচিব (প্রেস) পদে কর্মকর্তা নিয়োগ।**

বিদেশস্থ বাংলাদেশ মিশনে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন নিম্নেবর্ণিত প্রেস উইং-এ কাউন্সেলর (প্রেস), প্রথম সচিব (প্রেস) ও দ্বিতীয় সচিব (প্রেস) পদে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের নিকট হতে সংযুক্ত "জীবন বৃত্তান্ত ছক" অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়নসহ) নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম | দূতাবাস/হাইকমিশন/মিশন | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | কাউন্সেলর (প্রেস) | ইসলামাবাদ- পাকিস্তান | ০১ (এক) টি | জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যুনতম ১০ (দশ) বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। |
| ০২. | প্রথম সচিব (প্রেস) | (১) কুয়ালালামপুর-মালয়েশিয়া; এবং<br>(২) দুবাই-সংযুক্ত আরব আমিরাত | ০২ (দুই) টি | জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডে নূন্যতম ০২ (দুই) বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। |
| ০৩. | দ্বিতীয় সচিব (প্রেস) | (১) টোকিও-জাপান;<br>এবং<br>(২) রিয়াদ-সৌদি আরব | ০২ (দুই) টি | জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেড প্রাপ্ত বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলী:**

ক। বাংলাদেশ সিভিল সার্ভিসে কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৬/০২/২০২৫ খ্রি: তারিখের মধ্যে "জীবন বৃত্তান্ত ছক" (সংযোজনী-১) পূরণপূর্বক ০৬ (ছয়) সেট (হার্ডকপি) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত ছায়ালিপি ও ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবিসহ সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: উপসচিব (তগ-২) বরাবর আবেদন করতে হবে।

খ। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর অথবা যথাযথ কর্তৃপক্ষের দাপ্তরিক অগ্রায়ন ব্যতিত সরাসরি প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচিত হবে না এবং ভুল বা অসম্পূর্ণ তথ্য সংবলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

গ। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এই আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৪ (চার) বছরের কম তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

ঘ। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন্ তাঁরা চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবেন না।

ঙ। ১ জানুয়ারি, ১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচনাযোগ্য হবে না। আবেদনপত্রে অবশ্যই সন্তান সংখ্যা, নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে।

চ। শিক্ষাগত যোগ্যতার ফলাফলে জিপিএ উল্লেখ থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রূপান্তরিত ডিভিশন/শ্রেণি দাখিল করতে হবে।

ছ। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রির সনদ আবেদনপত্রের সাথে দাখিল করলে উক্ত ডিগ্রির সমতা সংক্রান্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি) এর প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

জ। গণমাধ্যম ও গণসংযোগের কাজে অভিজ্ঞতা এবং ইংরেজি ভাষায় স্বাধীনভাবে যে কোনো বিষয়ে লেখা ও বলার উপর ব্যুৎপত্তি সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

ঝ। প্রার্থীত মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে উল্লেখ করতে হবে। তবে কোন মিশনে পদায়ন করা হবে তা কর্তৃপক্ষের এখতিয়ারাধীন। একাধিক মিশনের জন্য আগ্রহী হলেও একটির বেশি আবেদন করার প্রয়োজন নেই।

ঞ। বিশেষ পরিস্থিতিতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করা হতে পারে।

ট। এ নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট পরিপত্রসমূহের নির্দেশনাবলী অনুসরণ করা হবে।

ঠ। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোনো অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০২। আবেদনকারীকে পূরণকৃত "জীবন বৃত্তান্ত ছক" এর সফট কপি (সংলগ্নীসহ) মাইক্রোসফট ওয়ার্ড এ'নিকস' ফন্টে ই-মেইলে (masscom2@moi.gov.bd) প্রেরণের অনুরোধ করা হলো
সংযুক্তি: জীবন বৃত্তান্ত ছক ০১(এক) পাতা।,

**সকল সংযুক্তিসমূহ:**
(১) ০১(এক) পাতা।

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

১৩-০১-২০২৫
মোঃ আওলাদ হোসেন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
২২৩৩৫৬৬২০
masscom2@moi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, প্রধান উপদেষ্টার কার্যালয়।
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)।

৪। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়(তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। সকল বিভাগীয় কমিশনার(তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)।
৬। অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধান (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
৭। সকল শাখা/অধিশাখা প্রধান, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
৮। সকল জেলা প্রশাসক(তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)।
৯। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
১০। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
১১। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।